

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৫৪

কৈলাসহর, ২১ ফেব্রুয়ারি, ২০২১

উনকোটি জেলাভিত্তিক ঝুমুর ও চা উৎসব অনুষ্ঠিত

আজ মহকুমার চন্ডীপুর ব্লকের গোলকপুর টি এস্টেট হাইস্কুল প্রাঙ্গণে উনকোটি জেলাভিত্তিক ঝুমুর ও চা উৎসবের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান লাকি পাল (দাস)। উদ্বোধকের ভাষণে উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস বলেন, রাজ্যের সমৃদ্ধ সংস্কৃতির এক বিশেষ অংশ দখল করে আছে বাগিচা শ্রমিকদের সংস্কৃতি। তাদের সাংস্কৃতিক কৃষ্টি ও ঐতিহ্য এই রাজ্যের সংস্কৃতির সঙ্গে মিলেমিশে একাকার হয়ে গেছে। বাগিচা শ্রমিকদের সাংস্কৃতিক ঐতিহ্যকে উজ্জীবিত করতেই রাজ্য সরকার প্রথমবারের মতো চা বাগিচা অধ্যুষিত এলাকাতে এই ঝুমুর ও চা উৎসবের আয়োজন করেছে। স্বাগত বক্তব্য রাখেন উনকোটি জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দিব্যেন্দু শেখর দত্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাপতি শ্যামল দাস, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সন্দীপ কুমী, গোলকপুর টি এস্টেটের ম্যানেজার পার্থপ্রতীম নন্দী প্রমুখ।

\*\*\*\*\*